# যীশু খ্রীষ্ট -১




বৈৎলেহম যাওয়ার পথে, জেরুশালেম এর ঠিক পাশেই হলো, যিহূদীয়া প্রদেশ।
আগস্ত কৈসর, যিহুদীয়ার সকল লোকদেরকে তাদের পৈতৃক স্থানে নিজেদের নাম লেখানোর আদেশ দিয়েছিলেন।
সেই সকল ভ্রমণরত লোকদের মধ্যে মরিয়ম এবং যোষেফও ছিলেন।
তাদের গন্তব্য ছিল বৈৎলেহম, যেটি তাদের বাড়ি নাসারত থেকে ৮ মাইল দূরে ছিল।
মরিয়ম, আমরা একটু দাঁড়াই, কিছু সময়ের জন্য।
আমি ঠিক আছি , যোষেফ।
আমরা একটু ভাল সময় কাটাতে চাই।
স্বাভাবিকভাবে, এই যাত্রায় ৪ থেকে ৫ দিনের মত দরকার হয়, কিন্তু মরিয়ম সন্তানসম্ভবা।
বৈৎলেহম তো আর কোথাও যাচ্ছে না। আমরা যখন সেখানে পৌঁছাবো সেটি তখনও সেখানেই থাকবে।
হ্যাঁ, কিন্তু আমরা যখন সেখানে পৌঁছাবো তখন এই লোকগুলোও সেখানেই থাকবে।
চিন্তা কোরো না। সেখানে আমার আত্মীয়-স্বজন আছে।
আমরা যতক্ষণ না পর্যন্ত তাদের খুঁজে পাচ্ছি, ততক্ষণ আমরা কোন একটা সরাইখানাতে থাকব। সব ঠিক হয়ে যাবে।
যেহেতু , মরিয়ম গত কয়েক মাস ধরে গর্ভবতী ছিলেন, তাই এখন তার সন্তান প্রসবরে সময় হয়ে গিয়েছিল।
আমি জানি , যোষেফ। আমি জানি।
লূক ২: ১-৪



নাসরতের মত একটি ছোট গ্রামের যুবতী হওয়ায় , তিনি একটি গতানুগতিক এবং সাধারণ জীবন-যাপন আশা করেছিলেন।
তিনি তাঁর স্বামী যোষেফ এর বাগদত্তা ছিলেন, যার মানে হল তারা একে অপরের সাথে বিবাহ বন্ধনে চুক্তিবদ্ধ ছিলেন।
কিন্তু তারা আলাদাভাবে তাদের নিজস্ব পরিবারের সাথে বাস করতেন।
ঐতিহ্যগত কারণে, তারা উভয়েই সেই রাতের জন্য অপেক্ষা করছিলেন, যে রাতে তার বাবা মরিয়মকে বিয়ে করার আদেশ দেবেন।
তখন সেখানে দ্বিতীয়বার, এমনকি তার থেকেও বড় অনুষ্ঠান হবে।
এবং যোষেফ মরিয়মকে তার স্ত্রী হিসেবে নিজের ঘরে নেবেন।
মরিয়ম! আমি গতকাল যোষেফকে তোমাদের নতুন ঘর তৈরীর কাজ করতে দেখেছিলাম।
তোমার বাবা-মা তোমাকে একজন কাঠমিস্ত্রীর সাথে বিয়ে দিয়ে বিচক্ষণতার পরিচয় দিয়েছেন।
সে একজন ভাল মানুষ।
সত্যিই তাই!
তাদের একসাথে পথচলা শুরু হলো।
মরিয়ম আমি জানতাম যোষেফ, একজন কর্মঠ ব্যাক্তি, যিনি একজন স্বামী ও পিতা হিসেবে খুবই ভাল হবেন।
যোষেফ যে বাড়ীটি নাসরতে তার পরিবারের কাছাকাছি তৈরী করেছিলেন, সে বাড়ীতেই তারা সন্তানাদি নিয়ে বসবাস ও নিজেদের জীবন পার করার পরিকল্পনা করলেন।
কিন্তু সেই পরিকল্পনাগুলো ছিল একজন যুবতীর, এবং সেই পরিকল্পনাগুলো নাটকীয়ভাবে পরিবর্তন হতে যাচ্ছিল।
শুভেচ্ছা, মরিয়ম!


লূক ১:২৬-২৮


কি... আপনি কি চান?
ভয় কোরো না মরিয়ম!
কারণ তুমি ঈশ্বরের অনুগ্রহ পেয়েছ।
তুমি শীঘ্রই একটি পুত্রসন্তান প্রসব করতে চলেছ।
আর তুমি তাঁর নাম রাখবে ‘যীশু’
লূক ১:২৮-৩১


আমি?
হ্যাঁ।
তুমি।
তাঁকে পরাৎপরের পুত্র বলা হবে।
প্রভু ঈশ্বর তাঁকে দায়ূদের সিংহাসন দেবেন,আর তিনি যাকোবের বংশধরদের উপর যুগে যুগে রাজত্ব অসম্ভব নয়।
কিন্তু...
এটা কীভাবে সম্ভব? যোষেফ এবং আমি এখনও... এখনও...
আমি এখনও কুমারী।
মরিয়ম, পবিত্র আত্মা তোমার সহায় হবেন , আর তুমি ঈশ্বরপুত্র প্রসব করবে।
আর ঈশ্বরের পক্ষে কোন কিছুই করা অসম্ভবনয়।
এমনকি তোমার কাকাতো বোন, এলিজাবেথ, সে যুবতী সময়ে বন্ধা থাকলেও, বৃদ্ধ বয়সে এখন সে সন্তানসম্ভবা!
আমি...
আমি প্রভুর দাসী।


লূক ১:৩২-৩৭


স্বর্গদূতের খবরে শুধুমাত্র মরিয়মের জীবনযাত্রাই পরিবর্তন হয় নি।
যোষেফ! আমি তোমার সাথে কথা বলতে চাই।
মরিয়ম!
দেখ! আমরা কোথায় ঘর বাঁধবো এবং কখন আমরা সন্তানাদি লালন-পালন করব তা আমি খুঁজে পেয়েছি!
এবং আমি জানতে চাই তুমি আগুনের চুল্লীটা কোথায় করতে চেয়েছিলে!
মরিয়ম, কোন সমস্যা হয়েছে?
চিন্তা কোরো না, আমি আমাদের বিয়ের অনুষ্ঠানের জন্য এই জায়গাটিকে ঠিক সময়মত তৈরী করে রাখব।
যোষেফ, আমি এই বিষয়ে চিন্তিত নই... আমার এর চেয়েও গুরুত্বপূর্ণ বিষয়ে বলার আছে।
এবং যোষেফ মরিয়মের সব কথা শুনল।
...এবং এখন আমার গর্ভে সেই শিশুটি আছে।
তুমি কি চাও আমি এগুলো বিশ্বাস করি?
আমি এই বাড়িটি তৈরীর জন্য অনেক শ্রম দিয়েছি যা শুধুমাত্র তোমার এবং আমাদের সন্তানদের জন্য।
এখান থেকে চলে যাও, মরিয়ম!
দয়া করে যাও।

মথি ১:১৮


এর কিছুক্ষণ পরে, মরিয়ম তার কাকাতো বোন এলিজাবেথের বাড়ি , নাসরতের বাইরে, একটি ছোট পাহাড়ি এলাকায়, যিহূদীয়ায় চলে গেলেন।
আমার সাথে চলার জন্য ধন্যবাদ, সখরিয়।
এলিজাবেতের শিশুটি কি... তুমি মনে হয় আমাকে উত্তর দেবে না, দেবে কি?
মরিয়ম ! আমার আদরের ছোট বোন!
ওহ , এলিজাবেথ ।
এলিজাবেথ, সখরিয়ের কি কোন সম্যস্যা হয়েছে? সে আমার সাথে একটি কথাও বলেনি।
ওহ!
এলিজাবেথ! এটাই কি সেই শিশু?
হ্যাঁ, হ্যাঁ! কিন্তু তুমি যা মনে করছ তা নয়!
আর এলিজাবেথও পবিত্র আত্মায় পূর্ণ ছিলেন।
মরিয়ম! তুমি নারীকূলে ধন্যা!
এবং তোমার গর্ভের সন্তানও ধন্য!
কিন্তু আমিও, ধন্য! কারণ আমি আমার নিজ বাড়ীতে দাঁড়িয়ে আমার কাকাতো বোনকে দেখছি, যে কিনা আমার প্রভুর মা!
ও এলিজাবেথ! তুমি...তুমি কীভাবে জানলে?
মরিয়ম, যখনই তোমার কথাগুলো আমার কানে আসল, তখনই আমার গর্ভের শিশুটি আনন্দে নেচে উঠল।
আমাদের কথা বলার অনেক বিষয় আছে...

লূক ১:৩৯-৪৫


তাই আমি খুব খুশি হয়েছিলাম যখন তুমি আমাকে এখানে আসতে বলেছিলে , এলিজাবেথ।
যোষেফ এটা চাইতে পারত যে আমাকে যেন পাথর মারা হয়।
কিন্তু যোষেফ মনে করছে বিবাহ বিচ্ছেদই সঠিক উপায়: সে কখনই একজন ব্যভিচারীনীকে বিয়ে করবে না, আর এখন আমি সন্তানসম্ভবা এবং আমার পরিবারের সাথে থাকি।
তিনি একজন ভাল মানুষ , মরিয়ম। তাকে একটু সময় দাও।
তুমি জিজ্ঞাসা করেছিলে আমার এই বিষয়ে সখরিয়ের মতামত কেমন ছিল। তুমি জান, সেও গতকাল একজন স্বর্গদূতের দেখা পেয়েছিল।
আমার ও সখরিয়ের কখনও সন্তান হয় নি, কিন্তু আমরা অবশ্যই চাইতাম যে আমাদের সন্তান হোক।
আমরা চেষ্টা করেছি। প্রার্থনা করেছি। কিন্তু শেষ পর্যন্ত আমরা পারিনি।
এটিই আমাদের জীবনে সব কিছু ছিল না, তাই আমরা ঈশ্বরে প্রতি দৃঢ় বিশ্বাসে মনস্থির করলাম, কারণ আমাদেরকে নিয়ে নিশ্চই ঈশ্বর কোন পরিকল্পনা করেছেন।
"কিন্তু সখরিয় যখন জেরুশালেমে তার যাজকীয় দায়িত্ব পালন করছিলেন, তখন তিনি মন্দিরের পবিত্র স্থানে ধূপ জ্বালাবার জন্য নিযুক্ত ছিলেন।"
"যাজকদের পবিত্র স্থানে একা প্রবেশ করতে হয়, কিন্তু হঠাৎ সখরিয় তার সাথে অন্য আরেকজনের উপস্থিতি উপলব্ধি করলেন।
ভয় কোরো না, সখরিয়।
তোমার প্রার্থনার উত্তর দেয়া হয়েছে। তুমি এবং তোমার স্ত্রী শীঘ্রই একটি পুত্র সন্তান লাভ করবে।
তুমি তার নাম রাখবে যোহন এবং সে তোমার ঘরে আনন্দ নিয়ে আসবে।
অনেক, অনেক লোক তার জন্মের কারণে আনন্দ করবে!
লূক ১:৫-১৪



তিনি লোকদেরকে পুনরায় তাদের ঈশ্বরের পথে ফিরিয়ে আনবেন, এবং তিনি এলিয় ভাববাদীর পরাক্রমে ও শক্তিতে প্রভুর আগে আসবেন!
তিনি হারানো আত্মাদের ধার্মিকতার দিকে চালিত করবেন!
এবং তিনি লোকদেরকে ঈশ্বরের রাজ্যের জন্য পথ প্রস্তত করবেন!
"এবং তাই আমার স্বামী, যিনি একজন যাজক, একজন শিক্ষক, তিনি ঈশ্বরের দূতকে জিজ্ঞেস করলেন:
এটা কীভাবে সম্ভব? আমার স্ত্রী এবং আমি তো বৃদ্ধ!
আমি হলাম গাব্রিয়েল! আমি ঈশ্বরের উপস্থিতিতে থাকি, এবং আমাকে পাঠানো হয়েছে তোমাকে এই সব বিষয়ে বলার জন্য।
এখন, তুমি এসকল বিষয় সত্যি না হওয়া পর্যন্ত কাউকে বলবে না। কারণ তুমি আমাকে বিশ্বাস করো নি!
এই কাহিনীটি বোঝার জন্য আমার একটু সময় লেগেছিল, কারণ সে যোগাযোগের জন্য শুধুই ইশারা এবং লেখার ব্যবহার করেছে।
কিন্তু স্বর্গদূত যা বলেছিল তা সত্যি হয়েছে; সখরিয় কথা বলতে পারছে না আর আমার গর্ভে একটি শিশু বেড়ে উঠছে।
আমার সখরিয় , সে তার ভুল বুঝতে পেয়েছে।
তোমার যোষেফ? সে ও তার ভুল বুঝতে পারবে।
আমিও তাই আশা করি,কিন্তু আমি জানি সে আমার সম্বন্ধে কী ভাবছে...
ঈশ্বর কখনই তার কাছ থেকে সত্য লুকাবেন না, এবং যখন সত্য তার কাছে প্রকাশিত হবে, যোষেফ ঠিক তোমার মতই প্রভুর ওপর নির্ভর করবে।
আমি... আমি ও তাই চাই
মরিয়ম এলিজাবেতের সাথে ৩ মাস পর্যন্ত ছিলেন।
কিছুদিনের মধ্যেই, এলিজাবেত একটি পুত্র সন্তান প্রসব করলেন। তার প্রতিবেশী এবং আত্মীয়রা, আনন্দের সাথে এটা জানল যে, ঈশ্বর তাকে অনেক বড় আশীর্বাদ করেছেন।
শিশুটি জন্মানোর ৮ দিনের দিন , শিশুটিকে ত্বকচ্ছেদ করানো হল।
আমি আশা করি সখরিয় এখন কথা বলবে।
আমি তাকে স্বর্গদূতের সাথের সেই ঘটনার কথা বলতে চেয়েছিলাম।
আমার আশা ছিল সে সেই ত্বকচ্ছেদের সময় কথা বলতে পারবে।


লূক ১:১৬-২০


এবং আমি স্বীকার করছি যে, তার পিতার নামানুসারে এই শিশুটির নাম সখরিয় হবে।
না !
যোহন! শিশুটির নাম যোহন হবে!
কিন্তু তার পরিবারে যোহন নামে আমি কাউকে চিনি না!
তোমার পরিবারে যোহন নামে কি কেউ আছেন?
না, কিন্তু তার নাম যোহনই হবে।
তোমার কি তাকে একটি ভাল পরিবারের নাম দেয়া উচিত নয়?
আমার মনে হয় না , আমি এই নামে কাউকে চিনি।
সখরিয়, তুমি কি বল?
কেউ সখরিয় কে লেখার ফলক দাও।
তার নাম যোহন।
খুব ভাল, তাহলে তার নাম যোহনই হল!
আহ্! প্রভুর গৌরব হোক!!!
প্রভুর গৌরব কর, কারণ তিনি তাঁর লোকদের মুক্ত করেছেন।
আর তুমি হচ্ছো, আমার ছেলে, যে ঈশ্বরের একজন ভাববাদী হবে এবং লোকদেরকে প্রভুর পরিত্রাণ এবং ক্ষমার জন্য প্রস্তুত করবে!
এবং সেই এলাকার সবাই সখরিয় ও এলিজাবেথের ঘটনা নিয়ে বলাবলি করছিল।
লূক ১:৫৯-৬৪


নাসরতে , যোষেফ অকল্পনীয় একটি ঘটনার সম্মুখীন হতে যাচ্ছিলেন ।
তিনি ভেবেছিলেন তার পরিকল্পনাটি ভালই হবে।
এটি তার জীবনকে এবং প্রভুর সামনে ধার্মিক থাকতে সাহায্য করেছিল...
কিন্তু কেন এটা ভুল মনে হচ্ছে?
প্রভু ,আমার কি করা উচিত?
এই বাড়িটি আমাদের বাড়ি হওয়ার কথা ছিল।
আমাদের জীবন !
মরিয়ম কিভাবে এটি ভেস্তে দিতে পারল?
আমার এখন কি করা উচিত?
যোষেফ?
মথি ১:১৭-২০



ভয় কোরো না,যোষেফ!
মরিয়মকে তোমার স্ত্রী হিসেবে গ্রহণ করতে ভয় কোরো না!
মরিয়ম সত্য বলছে : তার গর্ভের শিশুটি পবিত্র আত্মার মধ্য দিয়ে এবং সে একটি পুত্র সন্তান জন্ম দেবে!
যোষেফ, তুমি শিশুটির নাম 'যীশু' রাখবে, কারণ তিনি লোকদেরকে পাপ থেকে রক্ষা করবেন।
কি...
কি হলো?
যখন যোষেফ ঘুম থেকে উঠলেন , তিনি ঈশ্বরের আদেশ পালন করলেন।


মথি ১:২০-২৫



পরে, সখরিয় ও এলিজাবেতের বাড়িতে।
হায়! এটা কি করে সম্ভব!
ঈশ্বর তোমাকে তাঁর পুত্র লালন-পালনের জন্য সঠিক সিদ্ধান্ত নিয়েছেন, তুমি শিশুটির সাথে ভালই আছ।
যোষেফ! তুমি এখানে কি করছ?
স্বর্গদূত। তিনি আমাকেও দেখা দিয়েছেন।
তুমি আমাকে বিশ্বাস করেছ?
হ্যাঁ, মরিয়ম, অবশ্যই আমি তোমাকে বিশ্বাস করেছি।
দেখেছ , আমি তোমাকে বলেছিলাম যে, সে সব কিছু বুঝতে পারবেই।
সে একজন ভাল মানুষ।
আমি জানি।
আমার বাড় তিতে যাওয়া দরকার--
--বাড়ি তৈরীর কাজ শেষ করার জন্য--
কিন্তু আমি চাই যে , আমার সাথে যা ঘটেছে তা তুমি জান।
তুমি যদি চাও , তাহলে সবকিছু পরিকল্পনামাফিক চলবে।
হ্যাঁ,যোষেফ, অবশ্যই।
আমি এলিজাবেথকে প্রতিজ্ঞা করেছি যে তার ও শিশুটির সাথে আমি আরও কিছু সপ্তাহ থাকব, যতক্ষণ না পর্যন্ত পরিবেশ শান্ত হয়।
তুমি তাড়াতাড়ি বাড়িতে ফিরে এসো।
আমরা জানি না কখন আমার বাবা তোমাকে গ্রহণের জন্য খবর পাঠাবেন, কিন্তু তিনি যখন তিনি তা করবেন তখন আমিও তোমাকে তখনই নিয়ে আসতে চাই।
আমরা জানি না কখন আমার বাবা তোমাকে গ্রহণের জন্য খবর পাঠাবেন, কিন্তু তিনি যখন তিনি তা করবেন তখন আমিও তোমাকে তখনই নিয়ে আসতে চাই।
ধুমধাম সহকারে , যোষেফ এবং তার পরিবার মরিয়মকে তার বাড়ী থেকে নিয়ে আসলেন এবং তাদের বিয়ে সম্পন্ন হল।
কিন্তু যতদিন না পর্যন্ত সেই প্রতিজ্ঞাত শিশুটি জন্ম না নেয়, ততদিন পর্যন্ত যোষেফ তার স্ত্রীর সাথে একসাথে থাকলেন না।
যদিও যোষেফ তাদের জন্য যে বাড়িটি তৈরী করেছিলেন, সেখানে শিশুটির জন্ম হয় নি-
লূক ১:৫৭-৫৮,মথি ১:২৪-২৫



কারণ তাদের বিয়ের অল্প কিছু দিনের মধ্যেই, আদমশুমারির আদেশ দেয়া হয়েছিল, যেটি ছিল ,প্রত্যেক লোককে তাদের পৈতৃক স্থানে গিয়ে নাম লেখাতে হবে।
এবং আবারও মরিয়ম এবং যোষেফ নিজেদেরকে অপ্রত্যাশিত এক পথযাত্রী হিসেবে আবিষ্কার করলেন।
তারা তাদের বিশ্বাস ঈশ্বরের ওপর রাখলেন, এই ভেবে যে , তারা ঈশ্বরের পথই অনুসরণ করছিলেন।
যোষেফ, আমি অল্প কিছুক্ষণই হাঁটতে পারব।
হয়ত তুমি পারতে, কিন্তু তোমার যা করার প্রয়োজন নেই তা তুমি কেন কর?
চল আমরা হাঁটতে থাকি।
সব ভাল কামরা গুলো আগের থেকেই দখল হয়ে রয়েছে।
পেছনে ফেরো! আর বাড়ি যাও!
কোন আপনি সেই মানুষদের কথা মান্য করেন যারা এই আদমশুমারীর মধ্য দিয়ে আমাদের জমি দখল করে রেখেছে?
রোম আমাদেরকে কোন দোষারোপ করে নি! সম্রাট নিজেকে ঈশ্বর দাবি করেন, কিন্তু আমরা কেবল একজন ঈশ্বরকেই মানি।
আমাদের তথাকথিত রাজা, হেরোদের কাছে কারো এ বিষয়ে ব্যাখ্যা দেয়া প্রয়োজন।
আমরা প্রায় এসে পড়েছি! বেথলেহেমে! আমার পৈতৃক বাড়ী! রাজা দায়ূদের জন্মস্থল।
এবং এই শিশুটিরও জন্মস্থান। আমাদের এখানে একটি থাকার জায়গা প্রয়োজন, যোষেফ।
এবং খুব শীঘ্রই।
আমরা আজ রাতে একটি উষ্ণ বিছানা নেব এবং আগামীকাল আমাদের পরিবারের সাথে একত্রিত হবো।
আর তারা একসাথে খুশি মনে সেই পথে চলল।
লূক ২:১-৫


জেরুশালেম।
রাজা হেরোদ!
রাজা হেরোদ, শাসনকর্তা কুরীণিয় জানতে চেয়েছেন নাম লেখাবার কাজ কেমন চলছে।
আপনি হলেন সেনাপ্রধান কুরীণিয়ের দূত, তাই না?
স্বাগতম! আমি কীভাবে আপনার সেবা করতে পারি?
সেনাপ্রধান কুরীণিয় হলেন সিরিয়ার শাসনকর্তা, কিন্তু--
রাজা হেরোদ, কোন ভুল করা যাবে না, শাসক কুরীণিয় যিহুদিয়ার শাসনকর্তা নাও হতে পারেন--
-কিন্তু তিনি আপনার উপর শাসন করবেন।
সেনাপ্রধান কুরীণিয়ের কাছে প্রতিবেদন করা হচ্ছে যে, গতবারের থেকে এবার কিছু পরিবর্তন হয়েছে, তিনি একজন বার্তা বাহক পাঠিয়েছেন আমার কাজের তদারকি করার জন্য।
লোকেরা রোম সম্রাটের আদেশ অনুযায়ী নিজ পৈতৃক বাড়িতে যাচ্ছে, কিন্তু সেখানে ছোট ছোট গণজাগরণ এবং বিদ্রোহ হচ্ছে।
তার আদেশের ফলে এই লোকদের মধ্যে আমার সুনামের অনেকটাই ব্যবহৃত হয়েছে।
শুমারীর একটি উদ্দেশ্য রয়েছে।
আমার মনে হয় , এটি তোমাকে বুঝতে সাহায্য করবে যে, কারা রোমের প্রতি বিশ্বস্ত।
আপনি ফরীশীদের গণনায় অংশগ্রহণের বিষয়টি আপনার প্রতিবেদনে উপেক্ষা করেছেন।
আপনি আমাদের কাছে যে বিষয়গুলো উদ্ঘাটন করেছেন সেটি রোমের বিদ্রোহগুলো কেমন হতে পারে সে বিষয়ে জানার একটি সুযোগ করে দেয়।
লূক ২:১-২


গণনা কাজ শেষ হয় নি।
আপনি সেনাপ্রধান কুরীণিয়কে বলতে পারেন যে, আদমশুমারী ঠিকভাবেই চলছে।
এবং আপনি আরও বলতে পারেন যে, আমকে যাচাই করার জন্য তার ছোট পোষা কুকুরদের পাঠানোর প্রয়োজন নেই।
আসুন।
আপনি কি এই রাজা হেরোদের সম্বন্ধে আগস্তের বলা উপহাস সম্পর্কে শুনেছেন?
জনাব?
সিজার বললেন. "আমি হেরোদের পুত্রদের একজন হওয়ার চাইতে তার ঘরের শুকর হব।
হেরোদ শুকরের মাংস না খেয়ে নিজে যিহুদি হওয়ার ভান করে,আশা করছি লোকেরা তার প্রশংসা করবে।
কিন্তু সে নিজের পরিবারের সদস্যদেরকে কুমিরের খাবার বানায় এই ভয়ে যে, তাদের মধ্যে কেউ তার সিংহাসনের জন্য হুমকির কারণ না হয়।
আমি রোমের কর্মকর্তা নই নাহলে তিনি আমাকে কুমিরদের মধ্যে ফেলে দিতেন।
সে এমন একজন মানুষ , যিনি নিজের সিংহাসন ধরে রাখার জন্য যে কোন কিছু করতে পারেন--
--যে কোন কিছু।"


বৈৎলেহম।
সন্ধ্যা।
এমনকি যদি আমি জানতাম যে , আমার আত্মীয়দের ঠিকানা কোথায়, তাহলে আমি হয়ত তাদেরকে খুঁজে পেতাম।
চল এখন শুধু পরবর্তী কয়েকদিনের জন্য থাকার জায়গা খুঁজি।
আমরা তাদেরকে পরেও খুঁজে বের করতে পারব। আমার একটু—আহ্!-- শোয়ার দরকার।
আমি যেমনটা ভেবেছিলাম এটা তেমন নয়।
তুমি কী ঠিক আছ?
আমার পিছনে একটু অস্বস্তি লাগছে ।চল আমরা একটি সরাইখানা খুঁজি
জনাব, দয়া করে আমাদের একটি ঘর দেবেন কি?
আমার এখানে ঘর দেয়ার মত কোন পরিস্থিতি আছে কি? আমি তাদেরকে ২ সপ্তাহ আগেই ভাড়া দিয়েছি!
আমরা আশা করছিলাম যদি আপনার কাছে ছোটখাটো একটি কক্ষ থাকে।
আমরা স্বাচ্ছন্দ্যে সেখানে থাকতে পারব।
দুঃখিত, উপর তলার 'যে পরিবারটি ভাড়া রয়েছে' তারা তাদের অংশ ভাগাভগি করতে ইচ্ছুক নন, আর আমি ইতোমধ্যেই নিচতলায় আরেকটি পারিবারের সাথে ভাগাভগি করছি।
ওহে! দয়া করে আসুন!
চল যাই, যোষেফ, তারা আর দরজা খুলছেন না।
ওখানকার শব্দ শুনে বোঝা যাচ্ছে যে ঘরটি লোকে পরিপূর্ণ।
দয়া করুন জনাব, কারো কাছে আমাদের জন্য কোন কক্ষ নেই।
আমি দুঃখিত!
আমাদের শুধু মাত্র একটি আশ্রয় দরকার, আপনি দেখছেনই তো আমার স্ত্রীর কী অবস্থা--
হ্যাঁ ! আপনার তাড়াতাড়ি একটা জায়গা খুঁজে বের করতে হবে; কারণ আপনার স্ত্রীর সন্তান প্রসব হতে চলেছে!
লূক ২:৬-৭


জনাব, দয়া করুন, আমার স্ত্রীর আর আমার একটি থাকার জায়গার প্রয়োজন।
আমাদের বেশী কিছু চাই না, শুধুমাত্র শীতের থেকে রক্ষার জন্য আশ্রয় দরকার।
আপনাদের আরও আগে আসা দরকার ছিল।
হ্যাঁ।
আপনাদের জন্য আমার কোন কক্ষ খালি নেই।
কিন্তু আমার কাছে অন্য ব্যবস্থা আছে।
যদি আপনারা বিশেষ কিছু না হন আমি আপনাদের কয়েকদিনের জন্য আশ্রয় দিতে পারি।
এটা বেৎলেহেমের সবচেয়ে ভাল কক্ষ নয়।
কিন্তু এটি আপনাদের শুষ্ক রাখবে এবং এটি সস্তা।
আপনাকে ধন্যবাদ।
এখানে শুয়ে পড়।
নিজেকে একটু স্বস্তিতে রাখ।
যোষেফ, আমাদের একজন ধাত্রীর প্রয়োজন হবে।
অবশ্যই।
কয়েকদিনের মধ্যেই আমরা আমাদের আত্মীয়দের খুঁজে পাব। আমি নিশ্চিত যে তারা কোন ধাত্রীকে চিনবে।
যোষেফ, তুমি এবং আমি একা, এই শিশুটিকে পৃথিবীতে আনতে পারব না।
ঠিক আছে, আমি আগামীকাল এই হোটেলের মালিককে এই বিষয়ে জানাবো।
এখন!

লূক ২:৬-৭


ওহ!
কিন্তু আমার তোমাকে একা ছাড়া উচিত নয়!
সময় আছে , যোষেফ।
আমার মনে হয় এটি শুরু হলো মাত্র।
যাও! কিন্তু তাড়াতাড়ি ফির!
আমি দেখছি হোটেলের মালিক কাউকে চেনেন কি না!
আমি এখনই ফিরে আসছি!
ওহে!
আমার স্ত্রী!
তার সন্তান জন্মদানের সময় এসে গেছে!
কি হচ্ছে!
শিশুটির আসার সময় হয়েছে! আমাদের একজন ধাত্রী দারকার!
তুমি তোমার স্ত্রীর কাছে ভেতরে যাও!
আমিই একজন ধাত্রী খুঁজে আনছি!
তারা যে কোন সময় এখানে আসতে পারেন।
সব কিছু ঠিক হয়ে যাবে।
আমি জানি।

লূক ২:৬


আমি একজনকে খুঁজে পেয়েছি।
তুমিই শিশুটির বাবা?
আমি তার স্বামী।
পুরুষেরা এখানে থাকতে পারবে না।
ওদেরকে যত্নে রেখ।
এ তো বিশেষ একটি শিশু!
হ্যাঁ, হ্যাঁ , আমরা জানি।
তোমার এখনই যাওয়া দরকার।
এই যে আমাকে বলুন। এখন আপনি কেমন বোধ করছেন ।
হ্যাঁ ঠিক আছে, আপনি ভালই করছেন।
এটা অসহ্য! আমি পারব না!
যখন আবার ব্যাথা অনুভব হবে ,তখন এই কাজটি করবেন..

লূক ২:৭




লূক ২:৮-১২


তার আশেপাশে জায়গায়, রাখালরা তাদের মেষ চড়াচ্ছিলেন।
দাদু , আমাদের সবাইকেই কি এখানে থাকতে হবে?
এখানে খুব ঠান্ডা, এবং আমি ক্লান্ত!
ওহ,তোবিন! তুমি কীভাবে এমন একটি সুন্দর রাতকে না ভালবেসে থাকতে পার!
আমরা সবচেয়ে মূল্যবান প্রাণীদের রক্ষা করি!
এই ভেড়াগুলো থেকে পশম পাওয়া যায় যা আমাদেরকে গরম রাখে, মাংস এবং পনির পাওয়া যায় যা আমাদের খাদ্য, এবং আমাদের তৃষ্ণা মিটানোর জন্য দুধ পাই!
রাজা দায়ূদ নিজেও একজন রাখাল ছিলেন—সম্ভবত আমাদের গোত্র তার গোত্রেরই ছিল!
আর এই ভেড়ীগুলো কিছু বাচ্চার জন্ম দেবে যা পরে উৎসর্গের জন্য ব্যবহৃত হতে পারে..
কি হচ্ছে?
দাদু,দেখ!
দয়া করে ,ভয় কোরো না।
আজকে বৈৎলেহেম নগরে , দায়ূদের গ্রামে, তোমাদের উদ্ধারকর্তা জন্মেছেন।
তিনিই খ্রীষ্ট প্রভু!
যদি তোমরা তাঁকে দেখতে যেতে চাও তাহলে এভাবে তাঁকে খুঁজে পাবে: একটি শিশুটি কাপড়ে জড়ানো এবং যাবপাত্র শোয়ানো থাকবে!
লূক ২:১৩-১৪


স্বর্গে ঈশ্বরের গৌরব হোক! পৃথিবীতে যাদের উপর তিনি সন্তুষ্ট তাদের শান্তি হোক।
লূক ২:১৫-১৬


কিছু মনে করবেন না...
আমাদেরকে বলা হয়েছিল... সেটা হল, আমরা খবর পেয়েছিলাম...
স্বর্গদূতেরা আমাদের বলেছেন যে শিশু মসীহ্ জন্মগ্রহণ করেছেন!
স্বর্গদূতেরা?
স্বর্গদূতেরা। আশ্চর্য।
তারা বলেছিলেন যে, শিশুটি যাবপাত্রে শোয়ানো থাকবে, আর আমরা শুধু এই শিশুটিকেই যাবপাত্রে শোয়ানো অবস্থায় খুঁজে পেলাম।
আমরা সব জায়গায় খুঁজে দেখেছি!
ইনিই কি তিনি?
হ্যাঁ।
তাঁর নাম কি ?
যীশু।
এর অর্থ হলো...
লূক ২:২১